

# শহীদ সোহরাওয়ার্দী ও কবি নজরুল কলেজ বন্ধ ঘোষণা

নিজৰ  
প্রতিবেদক

২৫ নভেম্বর,  
২০২৪ ১৮:০৮

শেয়ার

অ +

অ -



তিন কলেজের শিক্ষার্থীদের সংঘর্ষে থমথমে যাত্রাবাড়ি-ডেমরা এলাকা। ছবি : সংগৃহীত

সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ বন্ধ ঘোষণার পর এবার রাজধানীর কবি নজরুল সরকারি কলেজও বন্ধ ঘোষণা করা হয়েছে।

সোমবার (২৫ নভেম্বর) কবি নজরুল কলেজের ওয়েবসাইটে বন্ধের বিজ্ঞপ্তি দেওয়া হয়। এতে বলা হয়েছে, ‘অনিবার্য কারণবশত মঙ্গলবার (২৬ নভেম্বর) কবি নজরুল সরকারি কলেজের শ্রেণি পাঠদান বন্ধ থাকবে।’

এদিকে গতকাল রবিবার বিজ্ঞপ্তির মাধ্যমে সরকারি শহীদ সোহরাওয়াদী কলেজ বন্ধ ঘোষণা করা হয়।

ওই বিজ্ঞপ্তি থেকে জানা গেছে, অনিবার্য কারণবশত ২৫ ও ২৬ নভেম্বর কলেজের সব শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে।

### আরো পড়ুন



ধর্মীয় নেতা চিন্ময় কৃষ্ণ দাস গোপ্তার

সোমবার রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় শহীদ সোহরাওয়াদী কলেজ, কবি নজরুল কলেজ ও ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজের শিক্ষার্থীর মধ্যে ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে আহত অন্তত ৩৫ জন ঢাকা মেডিক্যাল কলেজে চিকিৎসা নিয়েছেন।

সংঘর্ষের সময় ভাঙচুর, গুলিভর্তি ম্যাগাজিন চুরির অভিযোগে ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজসহ বিভিন্ন কলেজের আট হাজার শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা করেছে পুলিশ।

রবিবার পুলিশের উপপরিদর্শক এ কে এম হাসান মাহমুদুল কবীর বাদী হয়ে রাজধানীর সুত্রাপুর থানায় এই মামলা করেছেন।

### আরো পড়ুন



সংঘাত নিরসনে বৈশম্যবিরোধী ছাত্র আন্দোলনের জরুরি কর্মসূচি  
আহ্বান

এদিকে সংঘর্ষে না জড়িয়ে শিক্ষার্থীদের শান্ত থাকার আহ্বান জানিয়েছে সরকার। এসব সংঘাতের পেছনে কোনো ধরনের ইন্হন থাকলে তা কঠোর হাতে দমন করা হবে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে।

আজ সোমবার প্রধান উপদেষ্টার প্রেসসচিব শফিকুল আলম এ কথা বলেন।

তিনি বলেন, ‘সম্প্রতি বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানে যে সংঘাত-সংঘর্ষ হয়েছে, সরকার তার প্রতি নজর রাখছে।  
আমরা ছাত্র-ছাত্রীদের কোনো ধরনের সংঘর্ষে না জড়িয়ে শান্ত থাকার আহ্বান জানাচ্ছি।’

